



নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) ও বাংলাদেশ এমপাওয়ারডের (বিই) উদ্যোগে শনিবার আয়োজিত সম্মেলনে বক্তব্য দেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর

আমার দেশ

আসুন সবাই মিলে

আলোচনা সভায় মির্জা ফখরুল

আসুন সবাই মিলে

ড. ইউনুসকে

সহযোগিতা করি

স্টাফ রিপোর্টার

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, ‘আমেরিকা থেকে ডোনাল্ড ট্রাম্প, চীনের শি, ভারতের মোদি এসে ধাক্কা দিয়ে কিছু করে যাবে না, যা করার আমাদের করতে হবে।’ গতকাল শনিবার রাজধানীর নর্থ সাউথ ইউনিভার্সিটিতে ‘বাংলাদেশের ক্ষমতায়ন : নেতৃত্ব, ঐক্য এবং প্রবৃদ্ধির পথ’ শীর্ষক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

মির্জা ফখরুল বলেন, ‘মহান মুক্তিযুদ্ধে যেমন আমরা বহুত্ববাদ এফ হয়ে যুদ্ধ করেছি। তেমনি করে ২৪ সালে ছাত্রদের ওপর যখন গুলি চালায়, তখন আমরা সবাই ঐক্যবদ্ধ হয়েছি। যেভাবে গণঅভ্যুত্থানে সবাই এক হয়েছিল সেভাবে এক হয়ে কাজ

শেষ পৃষ্ঠার পর

করতে হবে। স্বাধীনতায়ুদ্ধের সময় আমাদের লোকের সংখ্যা ছিল সাত কোটি আর এখন ১৮ কোটি। সেই সময়ে আমাদের খাদ্যঘাটতি ছিল ২৮ লাখ মেট্রিকটন আর এখন খাদ্যঘাটতি নেই বললেই চলে। আর এই খাদ্যঘাটতি মিটিয়ে খাদ্যনিরাপত্তায় কাজ

করেছে দেশের কৃষক ও কৃষিবিজ্ঞানীরা। যেটা আমরা মনে করি না, বুঝিও না।’

বিএনপির মহাসচিব বলেন, গ্রামের যে মানুষগুলো ক্ষেতখামারে পরিশ্রম করে দেশকে নিয়ে যাচ্ছে, যে নারী মাত্র ১৫ হাজার টাকার বেতনে কাজ করে দেশের প্রবৃদ্ধি বাড়াচ্ছে। আমরা যদি তাদের নিয়ে না ভাবি, তাহলে কোনোভাবেই দেশে এগিয়ে যাবে না। আমরা যদি সত্যিকার অর্থে তাদের নিয়ে ভাবি, তবেই দেশ গিয়ে যাবে। তিনি বলেন, সবাই এখন ভিন্ন দিকে নজর দিচ্ছেন, যুক্তরাষ্ট্র যে ট্যারিফ দিয়েছে তা দেশের জন্য একটু বিপদে পড়ার মতোই। তাদের দেওয়া

বাড়তি শুল্ক দ্রুত সমাধান করতে না পারলে সমস্যা আরো বাড়বে।

সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে মির্জা ফখরুল বলেন, ‘আমি প্রফেসর ইউনুসকে ধন্যবাদ জানাতে চাই, তিনি দায়িত্ব নিয়েছেন। আমার বিশ্বাসও আছে তিনি সফল হবেন। আসুন, সবাই মিলে তাকে সাহায্য করে, আমরা নিজেরা নিজেদের সাহায্য করি। তবে একটা কথা, গণতন্ত্রের কোনো বিকল্প নেই এবং গণতন্ত্রকে কখনো চাপিয়ে দেওয়া যায় না। এটা চর্চা করতে হবে।’

নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরীর সভাপতিত্বে ভিডিওবার্তায় বক্তব্য দেন অন্তর্বর্তী সরকারের অর্থ উপদেষ্টা সালেহউদ্দিন আহমেদ। আলোচনা সভায় বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী, কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক শামা ওবায়েদ, এবি পার্টির সাধারণ সম্পাদক ব্যারিস্টার আসাদুজ্জামান ফুয়াদ প্রমুখ উপস্থিত ছিলেন।